

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫০৩

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৌলিক দু'আসমূহ

### আরবী

وَعَنْ حُذَيْفَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَنْبَغِي لِلْمُؤْمِنِ أَنْ يُذِلَّ نَفْسَهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَنْبَغِي لِلْمُؤْمِنِ أَنْ يُذِلَّ نَفْسَهُ عَالَ: «يَتَعَرَّضُ مِنَ الْبَلَاءِ لِمَا لَا يُطِيقُ» رَوَاهُ التِّرْمِذِيُّ وَالْمُ الْبَلَاءِ لِمَا لَا يُطِيقُ وَي شُعَبِ الْإِيمَانِ. وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيث حسن غَرِيب

#### বাংলা

২৫০৩-[২২] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মু'মিনের কাম্য নয় সে নিজেকে লাঞ্ছিত করা। লোকেরা জিজ্ঞেস করলো, হে আল্লাহর রসূল! নিজেকে লাঞ্ছিত করে কিভাবে? তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এমন বিপদাপদ কামনা করা যা সহ্য করা সাধ্যাতীত। (তিরমিয়ী, ইবনু মাজাহ ও বায়হাকী- শু'আবূল ইমান; ইমাম তিরমিয়ী বলেন, হাদীসটি হাসান গরীব)[1]

## ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২২৫৪, ইবনু মাজাহ ৪০১৬, আহমাদ ২৩৪৪৪, সহীহাহ্ ৬১৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, কোনভাবেই নিজেকে অপমানের মুখে ঠেলে দেয়া জায়িয নয়। আর নিজেকে অপমানের মুখে ঠেলে দেয়ার অন্যতম পদ্ধতি হচ্ছে, নিজের বিরুদ্ধে দু'আ করা অথবা এমন কোন কাজ করা যা তার অপমানের কারণ হবে। যে শাস্তি বা বিপদ সহ্য করার ক্ষমতা নিজের নেই তা কামনা করার মাধ্যমে নিজেকে অপমানিত করা উচিত নয়। কারণ ঐ ব্যক্তি ঐ সময় তা আর সহ্য করতে পারবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন